দৈনিক সংবাদ

তারিখ ... 1-8 AF.. ... ...
পৃঃ ১২ কলাম ৩......



রাষ্ট্রপতি বিচারপতি সাহাবুদ্দীন আহমদ শুক্রবার বুয়েট অডিটোরিয়ামে কম্পিউটার ও তথ্য প্রযুক্তি সংক্রান্ত আন্তর্জাতিক সম্মেলনের উদ্বোধনী অনুষ্ঠানে ভাষণ দেন।

সম্মেলন উদ্বোধনকালে রাষ্ট্রপতি

# আমাদের বিশ্ব তথ্য প্রযুক্তির অংশীদার হতে হবে

(বুয়েটসংবাদদাতা)

বিশ্বব্যাপী তথ্য-প্রযুক্তিতে বা ইনফরমেশন সুপার হাইওয়েতে প্রবেশের জন্য নানা প্রতিকূলতা সত্ত্বেও আমাদের দ্রুতগতিসম্পন্ন অপটিক্যাল সংযোগ স্থাপনের চেষ্টা করতে হবে। গতকাল শুক্রবার বুয়েটের অডিটোরিয়ামে অনুষ্ঠিত আন্তর্জাতিক কম্পিউটার এবং ইনফরমেশন টেকনোলজি সম্মেলনের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণে রাষ্ট্রপতি বিচারপতি সাহাবুদ্দীন আহমদ একথা বলেন।

রাষ্ট্রপতি সাহাবুদ্দীন আহমদ বলেন, ইনফরমেশন সুপার হাইওয়ের সাথে বাংলাদেশের কোন যোগাযোগ ব্যবস্থা নেই। ইনফরমেশন সুপার হাইওয়ে শুধুমাত্র দ্রুতগতির জন্য নয়, আন্তর্জাতিক ব্যবসা-বাণিজ্যের ক্ষেত্র উন্নতিতে গুরুত্বপূর্ণ প্রভাব রাখতে পারে। আমাদের দেশে যতদিন পর্যন্ত জাতীয় তথ্যের অবকাঠামো তৈরি করা যাচ্ছে না, ততদিন পর্যন্ত আমরা এই সকল সুযোগ-সুবিধা থেকে বঞ্চিত থাকব।

রাষ্ট্রপতি বলেন, দ্রুতগতিতে তথ্য আদান-প্রদান বা ইন্টারনেট ব্যবস্থা সর্বাধিক গুরুত্ব পাওয়া উচিত। সাথে সাথে আমাদের লক্ষ্য রাখতে হবে, যাতে ইন্টারনেটের বাজে ব্যবহার না হয়। এর জন্য নতুন আইনের প্রয়োজন এবং কপিরাইট আইনের ব্যবহার দরকার।

গতকাল বুয়েট অডিটোরিয়ামে অনুষ্ঠিত আন্তর্জাতিক কম্পিউটার এবং ইনফরমেশন টেকনোলজি সম্মেলনে সভাপতি হিসেবে বক্তব্য রাখেন বুয়েটের উপাচার্য প্রফেসর নূরউদ্দিন আহমেদ। অন্যদের মধ্যে বক্তব্য রাখেন প্রফেসর জামিলুর রেজা চৌধুরী, প্রফেসর এম, এ করিম, প্রফেসর এম কায়কোবাদ, প্রফেসর এস; এম আজিজ প্রমুখ।

উদ্বোধনী ভাষণে রাষ্ট্রপতি বলেন, কম্পিউটার প্রবর্তনের সাথে সাথে বেকারত্ব বাড়বে- এই ধারণা ভুল প্রমাণিত হয়েছে। কম্পিউটার তথ্যবিজ্ঞানে বিরাট অগ্রগতি, প্রচুর কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করেছে। বর্তমানে ছাত্রছাত্রীদের মধ্যে প্রোগ্রামিংয়ে উন্নতি করার একটা প্রবণতা দেখা গেছে, যা আঞ্চলিক ও আন্তর্জাতিক প্রতিযোগিতায় স্বীকৃতি পেয়েছে।

বিচারপতি বলেন, সরকার কম্পিউটার এবং কম্পিউটারের বিভিন্ন যন্ত্রাংশের উপর কর মওকুফ করেছে। এর সাথে সাথে মাধ্যমিক এবং উচ্চ মাধ্যমিক ক্ষেত্রে কম্পিউটারের উপর কোর্স অন্তর্ভুক্ত করেছে। ফলে বাংলাদেশ 'কম্পিউটার তথ্য- প্রযুক্তির' উন্নতির ক্ষেত্রে বিরাট অবদানরাখবে।

তিন দিনব্যাপী 'আন্তর্জাতিক কম্পিউটার এবং ইনফরমেশন টেকনোলজি' সম্মেলনে বিভিন্ন দেশের ১শ' ৬৫ জন কম্পিউটার বিশেষজ্ঞ অংশ নেন। এতে ৫৫টি প্রবন্ধ নিয়ে আলোচনা করা হবে।